

ইন্টারনেট ডট অর্গ

মাহাবুবুর রহমান (রিমন) { ০১/০৭/২০১৫ }

ফেসবুকের প্রতিষ্ঠাতা মার্ক জুগারবার্গকে খুব কম মানুষই চিনেন না। পৃথিবীর যেসব মানুষেরা ইন্টারনেট সুবিধা থেকে বঞ্চিত বা ইন্টারনেট যাদের হাতের নাগালে নেই সেইসব সুবিধা বঞ্চিত মানুষের জন্য ফেসবুকের একটি প্রকল্পের নাম ইন্টারনেট ডট অর্গ।

এই প্রকল্পের টার্গেট যেহেতু সুবিধা বঞ্চিত মানুষেরা এই কারনেই গরীব দেশ গুলোকে টার্গেট করা হয়েছে, আমাদের বাংলাদেশেও ১০ই মে ২০১৫ সালে ইন্টারনেট ডট অর্গ সুবিধা চালু হয়।

ইন্টারনেট ডট অর্গ কাজ করে কিভাবে ?

ইন্টারনেট ডট অর্গ যে দেশে চালু করা হয় সে দেশে মোবাইল অপারেটর এর সাথে ফেসবুকের এর মধ্য একটি চুক্তি হয়। তখন মোবাইল অপারেটররা এই সার্ভিসটি তাদের কাস্টমারদের দেয়। হাতে গোনা কয়েকটি ওয়েবসাইট বাদে সব ওয়েব সাইট ব্লক করে দেয়া হয়। ফেসবুক কতৃপক্ষ ফ্রি এর নাম খাটিয়ে ঐ এলাকায় ব্যাপকভাবে মার্কেটিং করে নেয়। বাস্তবিক অর্থে ইন্টারনেট ডট অর্গ ফেসবুকের একটি ফেইক ইন্টারনেট। তারা ইহা করছে এই কারনে তাদের প্লাটফর্ম সব জায়গায় ছড়াচ্ছে, আমরা যাতে তাদের প্লাটফর্ম থেকে কোনভাবেই বের হতে না পারি।

ইন্টারনেট ডট অর্গ এর খারাপ দিক গুলো

যেহেতু এই প্রকল্পের টার্গেট ইন্টারনেট ব্যবহার থেকে সুবিধাবঞ্চিত মানুষ , তারা যখন ইন্টারনেট ডট অর্গ এর মাধ্যমে ইন্টারনেট ডট অর্গ এর মাধ্যমে ইন্টারনেটে যখন যুক্ত হবে তখন তাদের কাছে ফেসবুকের অপর নাম ইন্টারনেট হবে।

যেহেতু ফেসবুকের একটি প্রকল্প ইন্টারনেট ডট অর্গ এই কারনে সব সাইটগুলি ফেসবুকের প্রক্রি দিয়ে চলে সেহেতু আপনার সব তথ্য তারা সংগ্রহ করতে পারে এবং তারা চাইলে আপনার তথ্য তৃতীয় পক্ষের নিকট হস্তান্তরও করতে পারে।

স্মার্টফোন ব্যবহারকারী যখন ইন্টারনেট ডট অর্গ এর মাধ্যমে ফ্রি ইন্টারনেট ব্যবহার করবে তখন কোন সময় মোবাইল থেকে বেলেন্স কেটে রাখে তার কোন টেরই পাবে না।

আমরা এই ইন্টারনেট চাই না আমরা চাই নিরপেক্ষ ইন্টারনেট

নিরপেক্ষ ইন্টারনেট বলতে বোঝায় আপনি যে সাইটে ভিজিট করতে চান সেই সাইটে প্রবেশ করতে পারবেন। আনার ওয়েবসাইট ধীর গতিতে আসবে কিন্তু সরকারি কোন ওয়েবসাইট দ্রুত আসবে এরকম নয়। সব ওয়েবসাইট সমান গতিতে লোড হবে।

শেষ কথা হলো সত্যিকার অর্থে ইন্টারনেট ডট অর্গ ইহা কোন ইন্টারনেট নয়, ইহা নিরপেক্ষ নয়, এবং ইহা মূল ইন্টারনেট থেকে বহু দূরে।

তথ্য ও প্রযুক্তি বিষয়ক লেখক ও কলামিস্ট, এবং
ইন্টারনেট এবং কম্পিউটারে বাংলা ভাষা ব্যবহারে উৎসাহ প্রদানকারী ##
মাহাবুবুর রহমান (রিমন)

email : mrahman0985@gmail.com

web : www.mrahman.info